# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র: সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ২ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. দৃষ্টান্ত ১: পড়ালেখা হচ্ছে মস্তিষ্কে বল প্রয়োগকারী কঠিনতম সংগ্রাম।
দৃষ্টান্ত ২: ক্ষুধা হলো আহারের অভাব।
দৃষ্টান্ত ৩: জল হয় পানি।

ক. যৌক্তিক সংজ্ঞা কী? ১

খ. যৌক্তিক সংজ্ঞায় বিভেদক লক্ষণের প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃষ্টান্ত ১-এ যৌক্তিক সংজ্ঞার কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? আলোচনা কর। ৩

ঘ. দৃষ্টান্ত ২ ও ৩-এ সংঘটিত অনুপপত্তি ২টির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২. দৃশ্যকল্প-১: পৃথিবীতে আনুমানিক ৭০ কোটি মানুষ বসবাস করে এবং বনমানুষ বসবাস করে ১০ কোটি।
দৃশ্যকল্প-২: ভায়না গ্রামের মানুষের মধ্যে রহিম সৎ, সুখী ও বিদ্বান।
দৃশ্যকল্প-৩: মানুষের হাত, পা, কান, নাক, মুখ রয়েছে।

ক. দ্বিকোটিক বিভাগ কী? ১

খ. অপরিহার্য গুণের ক্ষেত্রে যৌক্তিক বিভাগের নীতি প্রয়োগ করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর ক্ষেত্রে যৌক্তিক বিভাগের কোন ধরনের অনুপপত্তির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ সংঘটিত অনুপপত্তি কেন দৃশ্যকল্প-৩ এ সংঘটিত অনুপপত্তি থেকে পৃথক? ব্যাখ্যা কর। ৪

৩. গণিত ক্লাসে মনি জ্যামিতি করছে। সে বিভিন্ন চতুর্ভুজ অঙ্কন করে। চতুর্ভুজ অঙ্কন করে তার কোণগুলো সে মেপে দেখেছে। দেখা যায় সব চতুর্ভুজে চারটি কোণের সমষ্টি চার সমকোণ বা ৩৬০°। তাই সে বলে চতুর্ভুজের চারকোণের সমান ৩৬০°।

ক. সাধু সাদৃশ্যানুমান কী? ১

খ. সাদৃশ্যানুমানের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মনির সিদ্ধান্তটি কী ধরনের আরোহ? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকে মনির সিদ্ধান্তটি যে ধরনের আরোহ তার সাথে বৈজ্ঞানিক আরোহের বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৪. দৃষ্টান্ত ১: লিচু বাগানের সকল গাছই লিচুর গাছ।
দৃষ্টান্ত ২: টিকটিকি পোকা খায়। ঘাসফড়িংও পোকা খায় টিকটিক সরীসৃপ। অতএব ঘাসফড়িংও সরীসৃপ।
দৃষ্টান্ত ৩: টিকটিকি বংশ বিস্তার করে। ঘাসফড়িংও বংশ বিস্তার করে। টিকটিকি প্রাণী। অতএব ঘাসফড়িং ও প্রাণী।

ক. আরোহের প্রাণ কাকে বলে? ১

খ. কোন ধরনের আরোহের সিদ্ধান্ত নিশ্চিত ও কেন? ২

গ. দৃষ্টান্ত ১-এ আরোহের কোন প্রকারকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত ২ ও ৩-এর মৌলিক পার্থক্যগুলো আরোহ অনুমানের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৫. নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. প্রকল্পের যাচাইকরণ (Varification) কয় ধরনের হতে পারে? ১
খ. প্রতিবেদক অনুকল্প বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয় পাঠ্যক্রমের কোন বিষয়কে নির্দেশ করছে তা আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বিষয় দুটির মধ্যে পার্থক্য দেখাও ৪

৬. নবাবপুর গ্রামে হঠাৎ করে ডায়রিয়া রোগের প্রাদুভাব দেখা দিল। এলাকার অভিজ্ঞ মানুষেরা এর কোনো কারণ খুঁজে পাচ্ছিলেন না। সে সময় জামাল কবিরাজ বলল, চন্দ্রগ্রহণের সময় খাবার গ্রহণ করায় মানুষ ডায়রিয়া রোগে আক্রান্ত হয়েছে।

ক. মিলের পরীক্ষণাত্মক পদ্ধতিগুলো কী কী? ১
খ. ব্যতিরেকী পদ্ধতিকে পরীক্ষণের পদ্ধতি বলা হয় কেন? ২
গ. ডায়রিয়া রোগের কারণ অনুসন্ধানে তুমি কোন পরীক্ষণাত্মক পদ্ধতির সাহায্য নেবে এবং কেন? ৩
ঘ. কবিরাজ জামাল ডায়রিয়ার কারণ হিসেবে যে কারণটিকে উল্লেখ করেছেন তা পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৭. দৃশ্যকল্প-১: দেবতার কোপানলে সূর্যগ্রহণ হয়।
দৃশ্যকল্প-২: শরীরে পর্যাপ্ত অক্সিজেনের অভাবে মাথা ঘোরা ও বমি হতে পারে।
দৃশ্যকল্প-৩: জাহাজের গতি নির্ভর করে সাগরের স্রোত, বাতাস, সারেং ও ইঞ্জিনের ওপর।

ক. শৃঙ্খলযোজন কী? ১
খ. কোনো বিষয়ে আলাদা মত দেখা দিলে সমাধানের উপায় কী? ২
গ. দৃশ্যকল্প-১-এ কোন ধরনের ব্যাখ্যার প্রতিফলন ঘটেছে? ৩
ঘ. দৃশ্যকল্প-৩ কীভাবে দৃশ্যকল্প-২-এ প্রতিফলিত ব্যাখ্যার রূপ? বিশ্লেষণ কর। ৪

৮.

| বক্স-১ | বক্স-২ | বক্স-৩ |
|---|---|---|
| আম, কাঁঠাল, গোলাপ | শৈবাল, ছত্রাক, ফার্ন | সাদা, সবুজ, হলুদ |
| সপুষ্পক | অপুষ্পক | আলমারি রঙের ভিত্তিতে |

http://teachingbd.com

ক. পরমতম জাতির ক্ষেত্রে শ্রেণীকরণের সীমাবদ্ধতা কোথায়? ১
খ. যৌক্তিক সংজ্ঞার ওপর নির্ভর কোন শ্রেণীকরণ করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. বক্স-১ এবং বক্স-২ শ্রেণীকরণের কোন ধারণাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বক্স-১ ও বক্স-২ এর শ্রেণীকরণ থেকে কেন বক্স-৩ এর শ্রেণীকরণ পৃথক? বিশ্লেষণ কর। ৪

৯. একটি মামলার তিনজন সাক্ষী একসাথে বসে আলাপ করছিল যে, মিথ্যা সাক্ষ্য দেয়া ঠিক না। একজন বলল, 'প্রয়োজনে মিথ্যা সাক্ষ্য দেয়া যায়। কারণ আমরা তো প্রাত্যহিক জীবনে সত্যও বলি, আবার প্রয়োজনে মিথ্যাও বলি।' এরপর সাক্ষ্য দেবার সময় তিনজনের সত্য বলার অসম্ভাব্যতার মাত্রায় পার্থক্য পরিলক্ষিত হলো। এ প্রসঙ্গে প্রযোজ্য সম্ভাবনা পরিমাপের বিশেষ নিয়মটি প্রয়োগ করে দেখা গেল যে, যৌথভাবে তিনজনের সত্য বলার অসম্ভাবনার মাত্রা হয়েছে $\frac{৫৯}{৬০}$ ভাগ।

ক. সম্ভাবনা শব্দের অর্থ কী। ১
খ. প্রাত্যহিক জীবনে সম্ভাবনার প্রকৃতির একটি দিক উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে সম্ভাবনা পরিমাপের কোন বিষয়টি প্রয়োগ করা হয়েছে? ৩
ঘ. উদ্দীপকে কীভাবে অসম্ভাবনার মাত্রা $\frac{৫৯}{৬০}$ ভাগ হলো তা গাণিতিক উপায়ে প্রকাশ কর। ৪

**১০. প্রেক্ষাপট-১:** সড়ক দুর্ঘটনায় স্বামীর মৃত্যুর সংবাদ শুনে হাউমাউ করে কাঁদছিল স্বর্ণা। এ সময় প্রতিবেশী রাসনা এসে তাকে বলল এভাবে কেঁদোনা। মিজানের মতো আমাদের সবাইকেই চলে যেতে হবে। তুমিও মরণশীল, আমিও মরণশীল, টুম্পাও মরণশীল। অর্থাৎ প্রতিটি মানুষই মরণশীল।
**প্রেক্ষাপট-২:** বুক সেলফ-এ বই সাজিয়ে রাখার সময় চার-পাঁচটি উপন্যাসের বই চোখে পড়ল শিলার। এটি থেকে সে বলল, বুক সেলফের সকল বই-ই উপন্যাস।

ক. আরোহ প্রক্রিয়ার জনক কে? ১
খ. আরোহ প্রক্রিয়া জ্ঞান ও যুক্তিনির্ভর- ব্যাখ্যা কর। ২
গ. রাসনার কথায় কোন ধরনের আরোহের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শিলার চিন্তাধারাটি অবৈজ্ঞানিক আরোহেরই ইঙ্গিত দেয় – প্রমাণ কর। ৪

১১. উচ্চশিক্ষা গ্রহণ করে রাকিব বেকার হয়ে ঘুরছিলো। পরবর্তীতে স্থানীয় এক বড় ভাইয়ের পরামর্শে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে আজ স্বাবলম্বী হয়েছে। রাকিবের এলাকার সদ্য পাশ করা এক তরুণ তার এ সাফল্যের মূলসূত্র জানতে চাইলে রাকিব বললেন, "একজন মানুষ যত বেশি পরিশ্রম করবে সে তত বেশি উন্নতির পথে এগিয়ে যাবে।"

ক. কার্যকারণ সংক্রান্ত অনুপপত্তি কী? ১
খ. অন্বয়ী পদ্ধতিকে পরীক্ষণাত্মক পদ্ধতি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সাথে তোমার পাঠ্যসূচির কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রাকিবের বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র | বিষয় কোড: ১ ২ ২

সময়- ৩০ মিনিট | বহুনির্বাচনি প্রশ্ন | পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. 'মানুষ' পদটির আসন্নতম জাতি কোনটি?
ক বুদ্ধিবৃত্তি খ জীব
গ জ্ঞান ঘ বিচক্ষণতা

২. 'মানুষ একটা হাস্যপ্রিয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব' বাক্যটি কোন দোষে দুষ্ট?
ক অবান্তর লক্ষণ খ বাহুল্য দোষ
গ অতি সংকীর্ণ ঘ অতিব্যাপক

৩. যুক্তিবিদ 'কপি'র মতে, পদের অস্পষ্টতা বিদ্যমান থাকে—
i. আরোপক সংজ্ঞায়
ii. প্রতিবেদক সংজ্ঞায়
iii. তাত্ত্বিক সংজ্ঞায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. 'সংজ্ঞার্থ পদের ব্যক্ত্যর্থ হবে সংজ্ঞেয় পদের ব্যক্ত্যর্থের সমান'—এ নিয়ম লঙ্ঘন করলে কত প্রকার অনুপপত্তি ঘটবে?
ক এক খ দুই
গ তিন ঘ চার

৫. সাধারণ ও অপরিহার্য বৈশিষ্ট্যের ভিত্তিতে নিচের কোনটি পাখি নয়?
ক কাক খ বাদুড়
গ চিল ঘ বক

৬. ব্যক্ত্যর্থ বলতে নিচের কোনটিকে নির্দেশ করে?
ক পদের সংখ্যার দিক
খ পদের গুণের দিক
গ পদের বর্ণনার দিক
ঘ পদের ব্যাখ্যার দিক

৭. কোন বিভাগ প্রক্রিয়াটি রূপগত?
ক দ্বিকোটিক খ ত্রিমাত্রিক
গ একক ঘ বস্তুগত

৮. প্রাণীর অন্তর্গত উপজাতি হলো—
i. মানুষ
ii. বানর
iii. পাখি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও।

ছুটির দিনে নাবিল জাতীয় জাদুঘরে ঘুরতে যায়। ভেতরে প্রবেশ করে সে লক্ষ করলো এখানে বিভিন্ন শ্রেণির মুদ্রা, তাম্রমুদ্রা, এলুমিনিয়াম মুদ্রা রয়েছে। মুদ্রার পাশাপাশি নাবিল অনেকগুলো ছবি সংবলিত কাগজের নোটও দেখলো।

৯. উদ্দীপকে বর্ণিত প্রকারভেদের সাথে মিল রয়েছে কোনটির?
ক যৌক্তিক বিভাগের
খ যৌক্তিক বিভাগের প্রাসঙ্গিকতার
গ যৌক্তিক বিভাগের প্রকৃতির
ঘ যৌক্তিক বিভাগের অনুপপত্তির

১০. উদ্দীপকে উল্লিখিত অনুপপত্তি সংঘটিত হওয়ার কারণ—
i. উপজাতিগুলোর মিলিত ব্যক্ত্যর্থ বেশি
ii. যৌক্তিক বিভাগের তৃতীয় নিয়ম লঙ্ঘন
iii. উপজাতির মিলিত সংখ্যা জাতি অপেক্ষা বেশি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. কোন যুক্তিবিদ্যাতে সামান্য ঘটনা বা আশ্রয়বাক্য থেকে বিশেষ ঘটনা সম্পর্কে অনুমান করা হয়?
ক অবরোহ খ আরোহ
গ বস্তুগত ঘ গুণগত

১২. কোথায় আরোহাত্মক উল্লম্ফন বিদ্যমান?
ক বৈজ্ঞানিক আরোহে
খ অবৈজ্ঞানিক আরোহে
গ পূর্ণাঙ্গ আরোহে
ঘ সাদৃশ্যমূলক আরোহে

১৩. সার্বিকভাবে আরোহানুমানের লক্ষ্য থাকে—
i. আকারগত সত্যতা প্রতিষ্ঠা করা
ii. সংখ্যাগত সত্যতা প্রতিষ্ঠা করা
iii. বস্তুগত সত্যতা প্রতিষ্ঠা করা
নিচের কোনটি সঠিক?
ক ii ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. নিচের কোনটি কার্যকারণ সম্পর্ক প্রতিষ্ঠা করতে পারে না কিন্তু ইঙ্গিত বহন করে?
ক বৈজ্ঞানিক আরোহ খ সাদৃশ্যানুমান
গ অবৈজ্ঞানিক আরোহ ঘ পূর্ণাঙ্গ আরোহ

১৫. সাদৃশ্যানুমানের সিদ্ধান্ত কীরূপ?
ক সম্ভাব্য খ অসম্ভাব্য
গ নিশ্চিত ঘ অনির্দিষ্ট

Teachingbd.com

http://teachingbd.com

১৬. কোনো ঘটনার কারণ আবিষ্কার করতে সম্ভাবনাপূর্ণ বিষয়কে কী বলে অনুমান করা হয়?
ⓚ ফলাফল ⓦ কারণ
ⓖ উদ্দেশ্য ⓓ প্রকল্প

১৭. 'Hypothesis' শব্দটি কোন শব্দ থেকে উদ্ভূত?
ⓚ Hupothesis ⓦ Hypotheosis
ⓖ Hupotheosis ⓓ Hupothesia

১৮. নিচের কোনটি প্রতিবেদক অনুকল্প?
ⓚ ইথার ⓦ টেবিল
ⓖ সমুদ্রস্রোতে ⓓ ন্যাপথল

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**
সাফা ও রাকা 'হাজার বছর ধরে' ছবিটি দেখতে স্টার সিনেপ্লেক্সে গেল। ছবি চলাকালীন সময়ে সাফা দেখলো ছবিতে একটি দৃশ্যে কোনো এক অভিনেতা বলছে যে, 'গ্রামে ওলা বিবি আইছে, মাঝি বাড়িতে তিনজন কলেরায় মইরা গেছে।' এই বিষয়টি সম্পর্কে জানতে চাইলে রাকা বললো, এই সব আজগুবী, অবাস্তব ও ভিত্তিহীন বিশ্বাস। প্রকৃত পক্ষে আমাদের বিশ্বাস হতে হবে– যৌক্তিক, বৈজ্ঞানিক নিয়মের সাথে সঙ্গতিপূর্ণ।

১৯. উদ্দীপকে বর্ণিত রাকার বক্তব্যের সাথে মিল রয়েছে কোনটি?
ⓚ প্রকল্পের প্রাসঙ্গিকতার
ⓦ প্রকল্পের প্রকারভেদের
ⓖ প্রকল্পের স্তরের
ⓓ বৈধ প্রকল্পের শর্তসমূহের

২০. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের বৈশিষ্ট্য হলো—
i. এটি আত্মবিরোধী হয় না
ii. এটি সত্যের সাথে সংগতিপূর্ণ হয়
iii. এটি যাচাইযোগ্য হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২১. 'Logic' গ্রন্থের রচয়িতা কে?
ⓚ বেইন ⓦ মিল
ⓖ রিড ⓓ যোসেফ

২২. পরীক্ষণাত্মক পদ্ধতি কয়টি?
ⓚ চারটি ⓦ পাঁচটি
ⓖ ছয়টি ⓓ সাতটি

২৩. কোন পদ্ধতি প্রয়োগ করে কারণ ও কার্যকে আবিষ্কার ও প্রমাণ করা যায়?
ⓚ ব্যতিরেকী ⓦ অন্বয়ী
ⓖ পরিশেষ ⓓ সহপরিবর্তন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
বিকেলের মেঘাচ্ছন্ন আকাশ দেখে পার্থ তার দাদুকে জিজ্ঞাসা করল বৃষ্টির পূর্বে আকাশ মেঘাচ্ছন্ন থাকে কেন। প্রতি উত্তরে দাদু বলল, মেঘে মেঘে ঘর্ষণের ফলেই বৃষ্টিপাত হয়।

২৪. উদ্দীপকে উল্লিখিত উদাহরণ কোন ধরনের পদ্ধতিকে নির্দেশ করে?
ⓚ পরিশেষ পদ্ধতি
ⓦ অন্বয়ী পদ্ধতি
ⓖ সহপরিবর্তন পদ্ধতি
ⓓ ব্যতিরেকী পদ্ধতি

২৫. উদ্দীপকে উল্লিখিত উদাহরণ প্রয়োগ করে —
i. কার্য ও কারণের সম্পর্ক নির্ণয় করা যায়
ii. ঘটনা ও বিষয়ের সামঞ্জস্যতা নির্ণয় করা যায়
iii. ঘটনার প্রকৃত কারণ উৎঘাটন করা যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২৬. মানুষ সর্বদা অজানাকে জানতে চায় কেন?
ⓚ জ্ঞানী হতে
ⓦ কৌতূহল নিবৃত্ত করতে
ⓖ বাহবা পেতে ⓓ জনপ্রিয় হতে

২৭. বৈজ্ঞানিক ব্যাখ্যা কীসের সাথে যুক্ত?
ⓚ দ্বিকল্প ⓦ প্রকল্প
ⓖ পরিকল্পনা ⓓ পরিচালনা

২৮. লৌকিক ব্যাখ্যায় কোনো ঘটনার ব্যাখ্যা দেওয়া হয়—
i. গুরুত্বহীন সাদৃশ্যের ভিত্তিতে
ii. অপ্রাসঙ্গিক সাদৃশ্যের ভিত্তিতে
iii. বাহ্যিক সাদৃশ্যের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২৯. জোয়ার-ভাটা কোন নিয়মের অন্তর্গত?
ⓚ কার্যকারণ নিয়ম ⓦ মধ্যাকর্ষণ নিয়ম
ⓖ অভিকর্ষণ নিয়ম ⓓ বিকর্ষণ নিয়ম

৩০. বৈজ্ঞানিক ব্যাখ্যায় কোনটি বর্তমান?
ⓚ সংযোগ ক্রিয়া
ⓦ বিয়োজক ক্রিয়া
ⓖ সংযোজক ক্রিয়া
ⓓ পরিযোজক ক্রিয়া

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

http://teachingbd.com